

বুধবার, ১৪ ডিসেম্বর ২০১১, ৩০ অগ্রহায়ণ ১৪১৮, ১৮ মহররম ১৪৩৩

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক:

আন্ডার গ্রাজুয়েট শিক্ষার্থীদের গাণিতিক ও বিশ্লেষণমূলক সক্ষমতা বাড়াতে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের গণিত এবং প্রাকৃতিক বিজ্ঞান বিভাগে সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে আন্তঃবিশ্ববিদ্যালয় গণিত অলিম্পিয়াড। বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় আয়োজিত এ গণিত অলিম্পিয়াডে বাংলাদেশ থেকে ১৫৩ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. গোলাম সামদানী ফকির এবং বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের সভাপতি এর উদ্বোধন করেন। গণিত অলিম্পিয়াডে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স বিভাগের ছাত্র শেখ জিয়া উদ্দিন আহমেদ প্রথম স্থান অর্জন করেন। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে ওই একই বিভাগের ছাত্র ফোরসাদ আল হোসাইন ও ইমরোজ খান। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী গণিত অলিম্পিয়াডের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।